দৈনিক ইত্তেফাক

তারিখ ... JUN 08 2006 ...
পৃষ্ঠা ? কলাম ২

# শিক্ষক নিয়োগে দুর্নীতির প্রশ্নে সংসদ উত্তপ্ত

যুগান্তর রিপোর্ট

ভারপ্রাপ্ত স্পিকার প্রথা ভাঙায় সে ব্যাপারে বিরোধী দলের আপত্তি জানানোর মধ্য দিয়ে বৃহস্পতিবার শুরু হয়েছে জাতীয় সংসদের ২০০৬ সালের বাজেট অধিবেশন। অধিবেশনের প্রশ্নোত্তর পর্বে প্রাথমিক শিক্ষক নিয়োগে দলীয়করণের অভিযোগ নিয়ে উত্তাপ সৃষ্টি হয়। প্রথা অনুযায়ী সংসদ অধিবেশনের প্রথম বৈঠকের শুরুতেই সভাপতিমণ্ডলীর মনোনয়ন ও শোক প্রস্তাব গ্রহণ

উত্তপ্ত : পৃষ্ঠা ২ : কলাম ৮

## উত্তপ্ত : শিক্ষক নিয়োগে

করা হয়। কিন্তু ভারপ্রাপ্ত স্পিকার আখতার হামিদ সিদ্দিকী দিনের কার্যসূচি শুরুর আগেই গাইবান্ধা-৪ আসনে নবনির্বাচিত সাংসদ শামীম কায়সারকে পরিচয় করিয়ে দিয়ে বক্তব্য রাখার জন্য আহ্বান জানান। এতে শেখ ফজলুল করিম সেলিমের নেতৃত্বে আওয়ামী লীগের সদস্যরা আপত্তি জানান। শেখ সেলিম বলেন, এ ধরনের ঘটনা আগে ঘটেনি। সভাপতিমণ্ডলী মনোনয়ন ও শোক প্রস্তাব গ্রহণের আগে অন্য কোন কার্যসূচি শুরু করা যায় না। আইনমন্ত্রী ব্যারিস্টার মওদুদ আহমদ শেখ সেলিমের বক্তব্য সমর্থন করে বলেন, ভবিষ্যতে আজকের ঘটনার পুনরাবৃত্তি না হওয়াই ভালো। স্পিকার শেখ সেলিমের বক্তব্য মেনে নেন। অবশ্য এর আগে আওয়ামী লীগ সদস্যদের হৈচৈয়ে নবাগত শামীম কায়সার বক্তব্য অসম্পূর্ণ রেখেই আসন নেন।

প্রশ্নোত্তর পর্বে প্রাথমিক শিক্ষক নিয়োগ নিয়ে অল্প কিছু সময়ের জন্য সংসদ উত্তপ্ত হয়ে ওঠে। আওয়ামী লীগ সদস্যরা শিক্ষক নিয়োগে দলীয়করণের অভিযোগ করেন। শিক্ষা প্রতিমন্ত্রী এহছানুল হক মিলন বিগত সরকারের আমলে উপানুষ্ঠানিক শিক্ষা খাতে দুর্নীতি ও অপচয়ের পাল্টা অভিযোগ এনে বলেন, শিক্ষক নিয়োগে দুর্নীতি প্রমাণ দিতে পারলে তিনি পদত্যাগ করবেন।

### আজ বাজেট পেশ

অর্থমন্ত্রী এম সাইফুর রহমান আজ বিকাল ৩টায় আগামী অর্থবছরের বাজেট উপস্থাপন করবেন। একই সঙ্গে চলতি অর্থবছরের বাজেট উপস্থাপন করা হবে। সম্পূরক বাজেট আগামী ১৩ জুন এবং নতুন বাজেট ২৯ জুন সংসদে পাস করা হবে। ২৫ কার্যদিবস নিয়ে বাজেট অধিবেশন চলবে আগামী ১২ জুলাই পর্যন্ত। নয়া বাজেটের ওপর ৪০ ঘণ্টা আলোচনা হবে। বিরোধী দলের উপনেতা আবদুল হামিদ অ্যাডভোকেট জানিয়েছেন, আওয়ামী লীগ বাজেট আলোচনায় অংশ নেবে।

### সভাপতিমণ্ডলী

স্পিকার চলতি অধিবেশনের জন্য ৫ সদস্যের সভাপতিমণ্ডলীর মনোনয়ন দিয়েছেন। মনোনীত সদস্যরা হলেন সৈয়দ মনজুর হোসেন (বিএনপি), জয়নাল আবদীন ফারুক (বিএনপি), মাওলানা দেলাওয়ার হোসাইন সাঈদী (জামায়াত), নূর মোহাম্মদ মণ্ডল (জাতীয় পার্টি) ও রাজিউদ্দিন আহমদ রাজু (আওয়ামী লীগ)। তারা স্পিকারের অনুপস্থিতিতে বৈঠকে সভাপতিত্ব করবেন।

### শোক প্রস্তাব

সাবেক ডেপুটি স্পিকার হুমায়ুন খান পন্নীর মৃত্যুতে এবং ইন্দোনেশিয়ায় সাম্প্রতিক ভূমিকম্পে প্রাণহানিতে সর্বসম্মত একটি শোক প্রস্তাব গ্রহণ